২৭

দৈনিক
ইনকিলাব

তারিখ JUN 04 2006
পৃষ্ঠা ১২ কলাম ৩

## স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ

# আবাসন সমস্যায় বিক্ষুব্ধ ইন্টার্নী ডাক্তাদের ভাঙচুর

স্টাফ রিপোর্টার : স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের ইন্টার্নী ডাক্তাররা হাসপাতালে ব্যাপক ভাঙচুর চালিয়েছে। বিক্ষুব্ধ ডাক্তাররা আবাসন সমস্যা সমাধানের দাবীতে প্রশাসন বিভাগ, হিসাব বিভাগে ভাঙচুর চালিয়ে মূল্যবান দলিলপত্র তছনছ করে। এ ঘটনায় হাসপাতালের কর্মচারীসহ ১৫ জন আহত হয়। গতকাল (শনিবার) বেলা সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হাসপাতালে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

ইন্টার্নী ডাক্তাররা জানান, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের টিনশেড একটি হোস্টেলে ৩৬ জন ছাত্রী থাকতো। ৬তলা একটি ছাত্রী হোস্টেল তৈরীর জন্য তা ভেঙে ফেলা হচ্ছে। ওই হোস্টেলের ছাত্রীদের রুমানা পারভিন হোস্টেলে স্থানান্তর করা হয়। এদিকে, রুমানা পারভিন ছাত্রী হোস্টেলের ১২টি কক্ষে ৭৮ জন মহিলা ইন্টার্নী ডাক্তার থাকতো। ৪ মাস আগে হাসপাতাল কর্তৃপক্ষ তাদের ওই হোস্টেলের ৭টি কক্ষে থাকার নির্দেশ দেন।

নতুন করে সেখানে আরও ৩৬ জন ছাত্রীকে থাকার নির্দেশ দেয়ায় ক্ষিপ্ত হয়ে রুমানা পারভিন হোস্টেলের ইন্টার্নী ডাক্তাররা কর্তৃপক্ষের কাছে আবেদন জানান। কর্তৃপক্ষ মহিলা ইন্টার্নী ডাক্তারদের বিনয় বসু ইন্টার্নী হোস্টেল নামে একটি ছাত্রদের হোস্টেলে থাকার নির্দেশ দেন। মহিলা ডাক্তাররা অভিযোগ করে বলেছেন, বিনয় বসু হোস্টেলটিতে বহিরাগতসহ চিহ্নিত সন্ত্রাসীদের আখড়া। এসব বিষয় জানানোর পর হাসপাতাল কর্তৃপক্ষ রুমানা ছাত্রী হোস্টেলের ৭৮ জনকে ৩টি কক্ষে থাকার নির্দেশ দেন। ৩টি কক্ষে ৭৮ জন ডাক্তারের থাকার নির্দেশের পর তারা ক্ষিপ্ত হয়ে গত মঙ্গলবার থেকে হাসপাতাল অধ্যক্ষ, পরিচালকসহ অন্যান্য কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন জানান। গতকাল বেলা সাড়ে ১১টার বিক্ষুব্ধ মহিলা ইন্টার্নী ডাক্তার ও অন্যান্য ছাত্ররা বিক্ষোভ প্রদর্শন করে হাসপাতাল পরিচালক ডাঃ সুনীল কুমার দাসের কাছে গেলে তিনি দরজা বন্ধ করে দেন। তার নির্দেশে হাসপাতাল কর্মচারী ও উপস্থিত বহিরাগতরা ইন্টার্নী ডাক্তারদের ওপর হামলা চালায় ও ভাঙচুর করে বলে ডাক্তাররা জানান। অপরদিকে হাসপাতাল পরিচালক বলেছেন, ইন্টার্নী ডাক্তারদের জন্য হাসপাতালে কোন হোস্টেল বরাদ্দ নেই। তারপরও তারা অযৌক্তিক দাবী তুলে হাসপাতালের প্রশাসনিক বিভাগ, হিসাব বিভাগ, জরুরী বিভাগ ও বহির্বিভাগে হামলা চালিয়ে ভাঙচুর করে। ভাঙচুরের পর তারা হিসাব শাখার অনেক আর্থিক লেনদেনের কাগজ তছনছ করে। ঘটনার পর হাসপাতাল চত্বরে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। আজ (রবিবার) মহিলা ইন্টার্নী ডাক্তাররা বিক্ষোভ সমাবেশের কর্মসূচী ঘোষণা করেছেন।